



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
Embassy of Bangladesh
Embajada de Bangladesh
Madrid



“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

প্রেস বিজ্ঞপ্তি

২৬ ফেব্রুয়ারি ২০২০

স্পেনের টেনেরিফে, বার্সেলোনা, ভালেন্সিয়া ও মাদ্রিদে করোনাভাইরাস আক্রান্ত রোগী সনাক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে স্পেনের বাংলাদেশ দূতাবাস প্রবাসি বাংলাদেশি সদস্যদের একান্ত প্রয়োজন ছাড়া ঘর ও কাজের বাইরে চলাফেরা না করার জন্য অনুরোধ জানাচ্ছে। সবাই ‘পাবলিক প্লেসে’ মাস্ক ব্যবহার করবেন বলে দূতাবাস প্রত্যাশা করে। আতঙ্কগ্রস্ত না হয়ে ধৈর্য ধারণ করে সবাই সাহসের সাথে পরিস্থিতি মোকাবেলা করবেন বলে দূতাবাস আশা প্রকাশ করছে। দূর-দূরান্তে বসবাসরত প্রবাসিদের একান্ত প্রয়োজন ব্যতীত এমনকি দূতাবাসে ভ্রমণেও নিরুৎসাহিত করা হচ্ছে। বার্সেলোনাসহ দূরদূরান্তের কিছু শহরে প্রবাসিদের দোড়গোড়ায় কনসুলার সেবা পৌঁছে দেয়া মুজিব বর্ষে দূতাবাসের অন্যতম অঙ্গীকার বিধায়, আপনারা আপনাদের শহরে কনসুলার টিম পাঠানোর জন্য দূতাবাসের ফেসবুকের মাধ্যমে মন্তব্য লিখে পাঠাতে পারেন। তবে কনসুলার টিম পাঠানোর বিষয়টি সংশ্লিষ্ট শহরে বসবাসরত প্রবাসিদের সংখ্যার উপর নির্ভর করে। দূতাবাস যে কোনো বিপদ-আপদে প্রবাসিদের পাশে থাকার জন্য অঙ্গীকারাবদ্ধ।



(হারুন আল রশিদ)
মিনিস্টার/ মিশন উপ-প্রধান